

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
কারিগরি শাখা-০৩  
www.tmed.gov.bd

১৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ২৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৩.২৯.০০২.২৪.১৪৪

বিষয়: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রমের পাঠদান সংক্রান্ত কার্যক্রমের সরকারি অনুমোদন।

সূত্র: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ০৩ এপ্রিল ২০২৪ তারিখের ৫৭.১৭.০০০০.৪০৪.০১.০০১.২৪.৩৮০/৯১৭১ সংখ্যক পত্র।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি)-এ কার্যক্রম পরিচালনার নিমিত্ত নিম্নবর্ণিত ০৯ (নয়)টি বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান-কে বর্ণিত ট্রেডে নির্ধারিত শর্তে নির্দেশক্রমে পাঠদান-এর অনুমতি প্রদান করা হলো।

ক্র: নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	অনুমোদিত ট্রেড
১.	পল্লী কম্পিউটার ট্রেনিং ইন্সটিটিউট [সদর, সিরাজগঞ্জ]	১। ফাইন আর্টস। {চলমান হার্ডওয়্যার ট্রেড এর কার্যক্রম সন্তোষজনক নয় ; নিবিড় পর্যবেক্ষণান্তে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণে বোর্ড প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।}
২.	আইটি প্যালেস টেকনিক্যাল ইনস্টিটিউট [সদর, চাঁদপুর]	১। কম্পিউটার টেকনোলজি। {বোর্ডের পরিদর্শন টিম কর্তৃক ২৮.০৪.২০২৩ তারিখ পরিদর্শনকৃত প্রতিষ্ঠানটির আবেদন এ সভায় অত্যাধিক বিলম্বে উপস্থাপনের কারণ অনুসন্ধানপূর্বক (সংশ্লিষ্ট/সংশ্লিষ্টদের প্রয়োজনে কারণ দর্শানোসহ)- আগামী সভায় বোর্ড ব্যাখ্যা প্রদান করবে।}
৩.	ক্যারিয়ার টেকনিক্যাল ইনস্টিটিউট [রায়পুরা, নরসিংদী]	১। ফাইন আর্টস ; ২। ফিজিক্যাল এডুকেশন।
৪.	বীকন টেকনিক্যাল ইন্সটিটিউট [সদর, রংপুর]	১। ফাইন আর্টস। {প্রতিষ্ঠানটিকে নিবিড় পর্যবেক্ষণে রাখতে হবে।}
৫.	রাইটওয়ে টেকনিক্যাল ইন্সটিটিউট [সদর, কুড়িগ্রাম]	১। ফাইন আর্টস।
৬.	মাইলস্টোন টেকনিক্যাল ইন্সটিটিউট [সদর, শেরপুর]	১। ফাইন আর্টস।
৭.	আই,ডি,এ-টেকনিক্যাল ট্রেনিং ইন্সটিটিউট [পাঁচবিবি, জয়পুরহাট]	১। কম্পিউটার টেকনোলজি {চলমান ফাইন আর্টস টেকনোলজিতে পরীক্ষার ফলাফল সন্তোষজনক নয়।}
৮.	আইকন টেকনিক্যাল ইন্সটিটিউট [সোনাডাঙ্গা, খুলনা]	১। ফাইন আর্টস।
৯.	সিএনপি এন্ড টেকনিক্যাল ইন্সটিটিউট [নাগেশ্বরী, কুড়িগ্রাম]	১। ফাইন আর্টস ; ২। কম্পিউটার টেকনোলজি।

(ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্ট নীতিমালার সকল শর্তাদি অনুসরণ করতে হবে;

(খ) বর্ণিত প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট খোলা আগামী ০১ (এক) মাসের মধ্যে নিশ্চিত করে এ বিভাগকে অবহিত করতে হবে; এবং

(গ) কারিগরি শিক্ষায় টেকসই গুণগত ও পরিমাণগত মান অতি সুনিশ্চিত করণার্থে উল্লিখিত সকল প্রতিষ্ঠান মাসে অন্তত একবার সরেজমিনে নিবিড় ও পুঞ্জানুপুঞ্জভাবে আকস্মিক পরিদর্শন নিয়মিতভাবে করতে হবে এবং তৎপরবর্তী যথার্থ ব্যবস্থা প্রয়োজ্যানুসারে গ্রহণ করতে হবে।



২৭-০৫-২০২৪

(আনিসুল ইসলাম) (১৫০১৩)

উপসচিব

dstech3@tmed.gov.bd

চেয়ারম্যান (অ.দা.), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৩.২৯.০০২.২৪.১৪৪/১ (৯)

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
২৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- ২। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা;
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা;
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৭। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়; এ পত্রাদেশটি যথাযথভাবে অবিলম্বে [www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd) -তে প্রকাশের/ আপলোডের অনুরোধসহ;
- ৮। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)। এবং
- ৯। যুগ্মসচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।



২৭-০৫-২০২৪

(আনিসুল ইসলাম) (১৫০১৩)

উপসচিব